

Ettore Majorana Biography



ইত্তরে মেজেরনা

ইত্তরে মেজেরনা (Ettore Majorana) কাতানিয়া, সিসিলিতে (Catania, Sicily) জন্মগ্রহণ করেন। তার চাচা কুইরিনো মেজেরনা (Quirino Majorana) ও পদার্থবিদ ছিলেন।

১৯২৩ সালে তিনি ইন্জিনিয়ারিং নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়া শুরু করলেও পরে ১৯২৮ সালে পরিবর্তন করে পদার্থবিদ্যা নিয়ে শুরু করেন এবং ডক্টরেট সম্পন্ন করেন Rome La Sapienza বিশ্ববিদ্যালয় হতে।

১৯২৮ সালে Giovanni Gentile Jr এর সাথে তার প্রথম লেখাটি প্রকাশ করেন। ১৯৩২ সালে আরেকটি লেখা প্রকাশ করেন এটমিক স্পেকট্রোস্কপির উপর। একই বছর অভিকর্ষজ ত্বয়ের উপর তার আরেকটি লেখা প্রকাশ হয়। তিনিই সর্বপ্রথম ব্যক্তি যিনি জানান যে, Irane Curie এবং Fredrick Joliot Fermi র পরীক্ষায় অজ্ঞাত অনুর উপস্থিতি আছে। ফার্মি তাকে এটি নিয়ে লিখতে বললেও মেজেরনা গুরুত্ব দেননি। এবং এই ব্যাখার কৃতিত্বটা চলে যায় James Chadwick এর হাতে, যা জেমসকে নোবেল পুরস্কার এনে দেয়। নিজের কাজের কৃতিত্ব জাহির করার মত মানসিকতা মেজেরনার ছিলনা।

জার্মানীর লিপজিগে একটি প্রদান পেতে মেজেরনা ইতালি ছাড়েন ১৯৩৩ এ। তিনি Warner Heinsberg, আরেক নোবেল বিজয়ীর সাথে দেখা করেন। মেজেরনা কোপেনহেগেনেও যাত্রা করেছিলেন, যেখানে তিনি Neils Bohr, আরেক নোবেল বিজয়ীর সাথে কাজ করেন। তিনি ১৯৩৭ সালে তার শেষ লেখাটি প্রকাশ করেন।

গ্যাস্ট্রাইসিসের প্রচন্ডতা নিয়ে ১৯৩৩ এর শেষের দিকে মেজেরনা দুর্বল শরীর নিয়ে জার্মানী থেকে রোমে ফেরত আসেন। এবং মনে হচ্ছিল যে তিনি অত্যন্ত স্নায়ুবিিক দুর্বলতায় ভুগছিলেন। খাবার-দাবারের অনিয়মের কারণে ক্রমেই তিনি সংসার ত্যাগী এবং কর্কশ হতে লাগলেন। এমনকি তিনি তার মা, যার সাথে তিনি পূর্বে ভাল ব্যবহার করতেন-তাকে লিখে পাঠালেন যে, বরাবরের মত এবার তিনি সমুদ্রপথে এসে গ্রীষ্ম অবকাশে তাকে সঙ্গ দিতে পারবেন না। ইন্টারটিউটে তার যাওয়া ক্রমশ কমতে লাগল। তার ঘর থেকেও বের হওয়া একেবারেই কমে গেল। সম্ভাবনাময় বিজ্ঞানী সন্ন্যাসী হয়ে গেলেন। প্রায় চার বছর তিনি নিজেকে বন্ধুদের থেকে দূরে সরিয়ে রাখলেন এবং লেখালেখিও প্রায় বন্ধই রাখলেন। এ বছরগুলোতে তিনি খুব সামান্যই লিখেছিলেন। এসময়ে নানা বিষয়ের উপর ছোট ছোট অনেকগুলো কাজ করলেন। ভূতত্ত্ববিদ্যা থেকে ইলেক্ট্রিক্যাল ইন্জিনিয়ারিং, গণিত থেকে আপেক্ষিকতা সেকাজগুলোর ভিতর ছিল। এই অপ্রকাশিত পত্রগুলো Pisa'র Domus Galileiana তে সংরক্ষিত আছে।

তিনি University of Naples-এ ১৯৩৭ সালে তত্ত্বীয় পদার্থবিদ্যার অধ্যাপক হন। তত্ত্বীয় পদার্থবিদ্যার উপর তার একক দক্ষতা এবং যশের কারণে পরিষ্কা বোর্ড তাকে কোন পরিষ্কা ছাড়াই নিয়োগের সুপারিশ করে। আর প্রতিযোগীতা বোর্ডের প্রস্তাব গৃহীত হয়েছিল এবং মেজেরনা নেপসের তত্ত্বীয় পদার্থবিদ্যার আসনটি গ্রহন করেন। কয়েকমাস শিক্ষকতার পর তিনি রহস্যময়ভাবে হারিয়ে যান।

বর্তমান সময়ের একটি গবেষনার বস্তু, নিউট্রিনোর ভরের উপর কাজ অনেক আগেই মেজেরনা করেছিলেন। এছাড়া, ভর/mass যে অভিকর্ষজ তরঙ্গের উপর ছোট সিন্ড তৈরী করতে পারে তার উপরও গবেষণা করেছিলেন।

পালামো থেকে নেপলস যাবার পথে মেজেরনা কোন অজানা কারণে নিখোজ হয়ে যান। অনেক অনুসন্ধান সত্ত্বেও তার নিয়তী সম্পর্কে জানা যায়নী। তার দেহ খুজে পাওয়া যায়নী। সম্ভবত তিনি ব্যাঙ্ক থেকে তার বেতনের অর্থও তুলে নিয়েছিলেন, পালামোতে যাত্রা করার জন্যে। হয়ত তিনি পালামোতে তার বন্ধু Emilio Segre কে দেখতে যেতে পারেন, যিনি সেখানকার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছিলেন। কিন্তু Segre সে সময়ে ক্যালিফোর্নিয়ায় ছিলেন। ১৯৩৮ সালে সেপ্টেম্বরে মুসোলীনির পাশ করা আইনের মাধ্যমে ইহুদী Segre কে ইতালীতে ফেরত যাবার বাধা দেয়া হয়। ১৯৩৮ সালে ২৫ মার্চে, মেজেরনা Antonio Carrelli, যিনি Naples Physics Institute এর পরিচালক, তাকে পত্র লেখেন। পত্রে তিনি তার সহকর্মীদের স্মরণ করেন এবং তার উধাও হবার অপরিবর্তনীয় সিদ্ধান্তের জন্যে ক্ষমা চান। ধারণা করা হয়, তিনি নেপলস যাবার টিকিটও কেটেছিলেন এবং এরপর আর তাকে দেখা যায়নি। তার উধাও হয়ে যাবার পেছনে অনুমিত কারণগুলো হল:

- * আত্মহত্যা
- * আর্জেন্টিনায় পলায়ন
- * মনেস্ত্রিতে পলায়ন
- * অপহরণ বা খুন হওয়া, যাতে তিনি পরমানু বোমা না বানাতে পারেন।